স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

[তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথা অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত]

০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সঙ্গতি রেখে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করা হচ্ছে।

০২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

০৩। স্ব-প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

০৪। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করা হয়।

০৫। নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েসাইটের মাধ্যমে প্রকাশ করা হয়।

০৬। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেক্ট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করা হয়।

০৭। প্রতি ০২ (দুই) মাসে একবার সভা অনুষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়।

০৮। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েব সাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লিখা হয়।

০৯। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

১০। তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

১১। ৩৩৩ কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন সেবা নিশ্চিত করা হয়েছে এবং এ দপ্তরের ওয়েব পোর্টালে কল সেন্টার (৩৩৩) সংযুক্ত করা হয়েছে।

২৯/১২/২০২২

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬১০০
ফ্যাক্স: ০২৯৯৬৬০৬২০৫
ই-মেইল: dchabiganj@mopa.gov.bd